

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩১৭

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৩৩. সির্কা দিয়ে রুটি খাওয়া

بَابِ الْإِنْتِدَامِ بِالْخَلِّ

আরবী

حَدَّثَنَا جُبَارَةُ بْنُ الْمُغَلِّسِ، حَدَّثَنَا قَيْسُ بْنُ الرَّبِيعِ، عَنْ مُحَارِبِ بْنِ دِثَارٍ، عَنْ جَابِرِ بْنِ عَنْ مُعَارِبِ بْنِ دِثَارٍ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ وَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " نِعْمَ الإِدَامُ الْخَلُّ " .

বাংলা

২/৩৩১৭। জাবির ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন , রাসূলুললাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সির্কা উত্তম তরকারী।

English

It was narrated from Jabir bin 'Abdullah that the Messenger of Allah () said:

"What a blessed condiment vinegar is."

ফুটনোট

মুসলিম ২০৫২, তিরমিয়ী ১৮৩৯, ১৮৪২, আবূ দাউদ ৩৮২০, ৩৮২১, আহমাদ ১৩৮১৩, ১৩৮৪৯, ১৪৩৯৩, ১৪৫০৮, ১৪৫৬৭, ১৪৬৪০, ১৪৭৬৪, ১৪৭৬৯, ১৪৮৬৯, দারেমী ২০৪৮।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী জুবারাহ ইবনুল মুগাল্লিস সম্পর্কে মুসলিম বিন কায়স বলেন, ইনশাআল্লাহ্ (আল্লাহ্ চায়তো) তিনি সিকাহ। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি মিথ্যুক ও হাদিস বানিয়ে বর্ণনা করেন। ইমাম বুখারী বলেন, তিনি মুদতারাব ভাবে হাদিস বর্ণনা করেন। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তার একাধিক মুনকার হাদিস রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৮৯১, ৪/৪৮৯ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু জুবারাহ ইবনুল মুগাল্লিস এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ২৮০ টি শাহিদ হাদিস



রয়েছে, ১ টি জাল, ৩৩ টি খুবই দুর্বল, ৮৫ টি দুর্বল, ৭১ টি হাসান, ৯০ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ মুসলিম ২০৫২, ২০৫৩, ২০৫৪, তিরমিযি ১৮৩৯, ১৮৪০, ১৮৪১, আবু দাউদ ৩৮২০, ৩৮২১, দারিমী ২০৪৮, ২০৪৯, আহমাদ ১৩৮১৩, ১৩৮৪৯, ১৪৩৯৩, ১৪৫০৮, ১৪৫৬৭, ১৪৮৬৯, মু'জামুল আওসাত ৬২১, ২২২৭, ৫০৬৬, ৬৯৩৪, ৮৮১৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন